# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ২৬৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪২৫]

৮. কিতাবুস্ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ঘরের মধ্যে নামাযের স্থান নির্ধারণ করা

## بَاب الْمَسَاجِدِ فِي الْبُيُوتِ

---

আরবী

□□□ عَنْ مَحْمُودُ بْنُ الرَّبِيعِ الْأَنْصَارِيُّ أَنَّ عِتْبَانَ بْنَ مَالِكٍ وَهُوَ مِنْ أَصْحَابِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِمَّنْ شَهِدَ بَدْرًا مِنْ الْأَنْصَارِ أَنَّهُ أَتَى رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ قَدْ أَنْكَرْتُ بَصَرِي وَأَنَا أُصَلِّي لِقَوْمِي فَإِذَا كَانَتْ الْأَمْطَارُ سَالَ الْوَادِي الَّذِي بَيْنِي وَبَيْنَهُمْ لَمْ أَسْتَطِعْ أَنْ آتِيَ مَسْجِدَهُمْ فَأُصَلِّيَ بِهِمْ وَوَدِدْتُ يَا رَسُولَ اللَّهِ أَنَّكَ تَأْتِينِي فَتُصَلِّيَ فِي بَيْتِي فَأَتَّخِذَهُ مُصَلًّى قَالَ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سَأَفْعَلُ إِنْ شَاءَ اللَّهُ قَالَ عِتْبَانُ فَغَدَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَبُو بَكْرٍ حِينَ ارْتَفَعَ النَّهَارُ فَاسْتَأْذَنَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَذِنْتُ لَهُ فَلَمْ يَجْلِسْ حَتَّى دَخَلَ الْبَيْتَ ثُمَّ قَالَ أَيْنَ تُحِبُّ أَنْ أُصَلِّيَ مِنْ بَيْتِكَ قَالَ فَأَشَرْتُ لَهُ إِلَى نَاحِيَةٍ مِنْ الْبَيْتِ فَقَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَكَبَّرَ فَقُمْنَا فَصَفَّنَا فَصَلَّى رَكْعَتَيْنِ ثُمَّ سَلَّمَ قَالَ وَحَبَسْنَاهُ عَلَى خَزِيرَةٍ صَنَعْنَاهَا لَهُ قَالَ فَآبَ فِي الْبَيْتِ رِجَالٌ مِنْ أَهْلِ الدَّارِ ذَوُو عَدَدٍ فَاجْتَمَعُوا فَقَالَ قَائِلٌ مِنْهُمْ أَيْنَ مَالِكُ بْنُ الدُّخَيْشِنِ أَوِ ابْنُ الدُّخْشُنِ فَقَالَ بَعْضُهُمْ ذَلِكَ مُنَافِقٌ لَا يُحِبُّ اللَّهَ وَرَسُولَهُ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا تَقُلْ ذَلِكَ أَلَا تَرَاهُ قَدْ قَالَ لَا إِلَهَ إِلَّا اللَّهُ يُرِيدُ بِذَلِكَ وَجْهَ اللَّهِ قَالَ اللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ قَالَ فَإِنَّا نَرَى وَجْهَهُ وَنَصِيحَتَهُ إِلَى الْمُنَافِقِينَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَإِنَّ اللَّهَ قَدْ حَرَّمَ عَلَى النَّارِ مَنْ قَالَ لَا إِلَهَ إِلَّا اللَّهُ يَبْتَغِي بِذَلِكَ وَجْهَ اللَّهِ

বাংলা

২৬৬) মাহমূদ বিন রাবী আনসারী (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ ইতবান বিন মালেক নবী সাল্লাল্লাহু আলাইহি

ওয়া সাল্লামের ঐ সমস্ত আনসারী সাহাবীদের অন্তর্ভূক্ত ছিলেন যারা বদর যুদ্ধে অংশ গ্রহণ করেছিলেন। তিনি একদা রাসূল সাললাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট আগমণ করে বললেনঃ হে আল্লাহর রাসূল! আমার দৃষ্টি শক্তি কমে গেছে। আর আমি আমার গোত্রের লোকদের ইমামতি করি। বৃষ্টি হলে আমার বাড়ীর ও আমার গোত্রের লোকদের মধ্যকার উপত্যকা পানিতে ভরে যায়। কাজেই তাদের মসজিদে এসে ইমামতি করতে পারিনা। কাজেই আমার ইচ্ছা হয় আপনি আমার বাড়ীতে এসে একটি জায়গায় নামায পড়বেন। আমি সে স্থানটিকে মুসাল্লা হিসাবে গ্রহণ করব।

বর্ণনাকারী বলেনঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁকে বললেনঃ ইনশা-আল্লাহ! আমি অচিরেই এরূপ করব। ইতবান বলেনঃ পরদিন কিছু বেলা হলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এবং আবু বকর আমার বাড়ীতে এসে অনুমতি চাইলেন। আমি তাঁকে অনুমতি দিলাম। ঘরে প্রবেশের পূর্বে তিনি বসলেন না। ঘরে প্রবেশ করেই তিনি বললেনঃ ঘরের কোন্ স্থানে নামায পড়া তুমি পছন্দ কর। ইতবান বলেনঃ আমি ঘরের একটি কিনারার দিকে ইঙ্গিত করলাম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দাঁড়িয়ে তাকবীর দিলেন। আমরাও দাঁড়িয়ে কাতারবন্ধী হয়ে গেলাম। তিনি দু’রাকআত নামায পড়ে সালাম ফিরালেন।

বর্ণনাকারী বলেনঃ আমরা তাঁর জন্য খাযীরাহ নামক এক প্রকার খাদ্য তৈরী করলাম। তা খাওয়ার জন্য তাঁকে আমরা থামিয়ে রাখলাম। বর্ণনাকারী বলেনঃ এ সময় আশেপাশের কিছু লোক আমাদের কাছে এসে উপস্থিত হল। তাদের কেউ বললঃ মালেক বিন দুখাইশীন কোথায়? অথবা মালেক বিন দুখশুন কোথায়? আবার কেউ বললঃ সে মুনাফেক। আল্লাহ এবং রাসূলকে ভালবাসেনা। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ তোমরা এরূপ বলনা। তোমরা কি দেখনা সে লা-ইলাহা ইল্লাল্লাহ পাঠ করেছে এবং এর দ্বারা সে আল্লাহর সন্তুষ্টি চায়? তখন সে লোকটি বললঃ আল্লাহ এবং তাঁর রাসূলই এ ব্যাপারে ভাল জানেন। তবে আমরা বাহ্যিক দৃষ্টিতে দেখি মুনাফেকদের প্রতিই তার টান বেশী। এ কথা শুনে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ আল্লাহর সন্তুষ্টি অর্জনের জন্য যে ব্যক্তি লা-ইলাহা ইল্লাল্লাহ পাঠ করবে আল্লাহ তাঁর জন্য জাহান্নামের আগুন হারাম করে দিবেন।

## English

About (taking) the mosques in the houses

Narrated `Itban bin Malik:

who was one of the companions of Allah's Messenger (ﷺ) and one of the Ansar's who took part in the battle of Badr: I came to Allah's Messenger (ﷺ) and said, "O Allah's Messenger (ﷺ) I have weak eyesight and I lead my people in prayers. When it rains the water flows in the valley between me and my people so I cannot go to their mosque to lead them in prayer. O Allah's Messenger (ﷺ)! I wish you would come to my house and pray in it so that I could take that place as a Musalla. Allah's Messenger (ﷺ) said. "Allah

willing, I will do so."

Next day after the sun rose high, Allah's Messenger (ﷺ) and Abu Bakr came and Allah's Messenger (ﷺ) asked for permission to enter. I gave him permission and he did not sit on entering the house but said to me, "Where do you like me to pray?" I pointed to a place in my house. So Allah's Messenger (ﷺ) stood there and said, 'Allahu Akbar', and we all got up and aligned behind him and offered a two-rak`at prayer and ended it with Taslim.
We requested him to stay for a meal called "Khazira" which we had prepared for him. Many members of our family gathered in the house and one of them said, "Where is Malik bin Al-Dukhaishin or Ibn Al-Dukhshun?" One of them replied, "He is a hypocrite and does not love Allah and His Apostle." Hearing that, Allah's Messenger (ﷺ) said, "Do not say so. Haven't you seen that he said, 'None has the right to be worshipped but Allah' for Allah's sake only?" He said, "Allah and His Apostle know better. We have seen him helping and advising hypocrites." Allah's Messenger (ﷺ) said, "Allah has forbidden the (Hell) fire for those who say, 'None has the right to be worshipped but Allah' for Allah's sake only."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ মাহমূদ ইবনুর-রাবী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89564

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন